
# চট্টগ্রাম প্রেসক্লাবেই জুয়ার আয়োজন, প্রশাসন ‘ম্যানেজ’ করার অভিযোগ সায়েরের



সংগৃহীত ছবি

দেশে জুয়া ও মাদকের বিরুদ্ধে কঠোর অবস্থানের ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। জাতির উদ্দেশে দেওয়া বক্তব্যে তিনি স্পষ্ট করে বলেন, এই দুই অপরাধ দমনে সরকার কঠোর পদক্ষেপ নেবে। তবে সেই ঘোষণার ২৪ ঘণ্টা না পেরোতেই চট্টগ্রাম প্রেসক্লাবে নিয়মিত জুয়ার আসর বসার অভিযোগ সামনে এসেছে।

অনুসন্ধানি সাংবাদিক জুলকারনাইন সায়ের এক ফেসবুক পোস্টে এ তথ্য প্রকাশ করেন। তিনি দাবি করেন, আজ রাতে তোলা কয়েকটি ছবিতে দেখা যায়—বাস ভর্তি করে জুয়ারীদের ওই আসরে আনা হচ্ছে।




LENS ASIA

জুলকারনাইন সায়ের আরও লেখেন, ইতোমধ্যে প্রকাশিত একটি গোপন ভিডিওতে উঠে এসেছে—জেলা প্রশাসন ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের কিছু উচ্চপদস্থ কর্মকর্তাকে ‘ম্যানেজ’ করেই এই জুয়ার আসর পরিচালিত হচ্ছে। তাঁর অভিযোগ অনুযায়ী, চট্টগ্রাম প্রেসক্লাবের স্বঘোষিত সভাপতি ও দৈনিক আমার দেশ পত্রিকার আবাসিক সম্পাদক জাহিদুল করিম কচি এবং কালের কণ্ঠের ব্যুরো প্রধান মুস্তোফা নঈম এ কার্যক্রমের সঙ্গে যুক্ত।

পোস্টে তিনি অবিলম্বে চট্টগ্রাম প্রেসক্লাবসহ দেশব্যাপী যেসব স্থানে এমন জুয়ার আয়োজন চলছে, সেগুলোর বিরুদ্ধে অভিযান পরিচালনার দাবি জানান। পাশাপাশি সব ধরনের অনলাইন

জুয়ার প্ল্যাটফর্ম বন্ধেও দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান তিনি।

এ বিষয়ে সংশ্লিষ্টদের বক্তব্য জানা যায়নি। অভিযোগের বিষয়ে প্রশাসনের পক্ষ থেকেও তাৎক্ষণিক কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

LENS ASIA